

কোভিড-১৯ ত্রাণকার্য: একটি আবেদন

করোনার দ্বিতীয়প্রবাহের মর্মান্তিক প্রভাবে অগণিত মানুষ আজ মরণাপন্ন। এই পরিস্থিতিতে স্বামী বিবেকানন্দের সেবাদর্শকে স্মরণ করে বোলপুর রামকৃষ্ণ মঠ আজ পীড়িত মানুষের ত্রাণকার্যে আগ্রহী। আক্রান্ত বহুমানুষের জীবন আজ মূল্যবান অক্সিজেনের অভাবে বিপন্ন। অক্সিজেন সিলিণ্ডার ও অক্সিজেন কনসেন্ট্রেটর-এর দ্বারা এই অভাবপূরণ কিছুমাত্রায় সম্ভব হতে পারে। তাই রামকৃষ্ণ মঠ তার সামর্থ্য অনুসারে এই দুটি সরবরাহ করতে উদ্যোগী হয়েছে। তাছাড়া রোগাক্রান্ত ব্যক্তির চিকিৎসাকেন্দ্রে যাওয়ার জন্য অ্যাম্বুলেন্স অতি প্রয়োজনীয়। আর্থিক সামর্থ্যের অভাবে অনেক পরিবার অ্যাম্বুলেন্সের ব্যয়ভার নিতে পারছেন না। তাই রামকৃষ্ণ মঠ একটি পুরানো অ্যাম্বুলেন্স ক্রয় করে এই সেবা কাজ করতে ইচ্ছুক। এই অতিমারীতে বিপর্যস্ত দুঃস্থ মানুষকে খাদ্যদানের পরিকল্পনাও মঠের পরবর্তী পদক্ষেপ রূপে চিন্তা করা হয়েছে।

এই সকল কার্যক্রম বাস্তবায়িত করার জন্য প্রভূত অর্থের প্রয়োজন। তাই সকল শুভাকাঙ্ক্ষী ও সহৃদয় ভক্তমণ্ডলীর কাছে আর্থিক অনুদানের জন্য বিনীত প্রার্থনা জানাই। যাতে কোভিড-১৯ অতিমারীর সঙ্গে সংগ্রামরত মানুষের পাশে থেকে সার্বিক কল্যাণের সামান্যতম সহায়তায় অংশগ্রহণ করতে পারি।

শ্রীশ্রীমায়ের কৃপায় সকলের সুস্থতা প্রার্থনা করি।

নমস্কারান্তে
স্বামী ভূদেবানন্দ
রামকৃষ্ণ মঠ, বোলপুর

Cheque / Draft / NEFT/RTGS- এর মাধ্যমে RAMAKRISHNA MATH, BOLPUR

(State Bank of India, Bolpur Branch, A/C- 3948 5693 152, IFS code- SBIN0002027)

নামে আপনাদের দান পাঠানোর জন্য অনুরোধ করেছি। আপনার সম্পূর্ণ ঠিকানা, মোবাইল নং এবং অবশ্যই পাঠাবেন। আপনাদের এই আর্থিকদান ভারত সরকারের আয়কর আইনের ৮০ জি ধারায় আয়করমুক্ত।